

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brd.gov.bd

স্মারক নম্বর-৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৪৮

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিআরডিবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নের লক্ষ্যে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা আহ্বান।

সরকারি দপ্তরসমূহ উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বিষয়ক কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ এবং এ লক্ষ্যে দায়বদ্ধতা সৃষ্টির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তত্ত্বাবধায়নে বিআরডিবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়ন করা হয়েছে। পাশাপাশি জেলা পর্যায়ে জন্যও কর্মপরিকল্পনা প্রণীত হয়েছে যা বিআরডিবি'র ওয়েবসাইটে প্রদর্শন করা রয়েছে।

২. এ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে বিআরডিবি'র সদরদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট থেকে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য সেবা সহজিকরণ ও বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ধারণা আহ্বান করা যাচ্ছে। উপজেলাসমূহ থেকে প্রেরিত সেবা সহজিকরণ ও বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ধারণাসমূহ জেলাদপ্তর কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে সদরদপ্তরে প্রেরণ করবেন। পরবর্তীতে শোকেজিং এর মাধ্যমে দেশব্যাপী বাস্তবায়নের জন্য সহজিকৃত সেবা বা উদ্ভাবনী ধারণা নির্বাচনপূর্বক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হবে।

৩. সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা গ্রহণে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণীয়:

- (ক) সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণার জন্য নির্বাচিত সেবাটি অবশ্যই সিটিজেন চার্টারভুক্ত হতে হবে;
- (খ) বিআরডিবি'র মূল কার্যক্রমের সাথে সম্পৃক্ত বা কার্যক্রম বাস্তবায়নে সহায়ক হবে এমন বিষয় যেমন-মানব সংগঠন সৃষ্টি, প্রশিক্ষণ, প্রশিক্ষণোত্তর সহায়তা, ঋণ, বাজারজাতকরণ ইত্যাদি সেবা অগ্রগণ্য হবে;
- (গ) সময়, খরচ ও যাতায়াত (TCV) হ্রাস বিবেচ্য হবে;
- (ঘ) সরকারের উন্নয়ন পরিকল্পনা ও এসডিজি (SDG) অর্জনের সাথে সেবাটি সম্পৃক্ত থাকা সমীচীন;
- (ঙ) সেবাটি বাস্তবায়নে আনুষঙ্গিক বিষয়ে সম্পৃক্ততা (ঋণ সিলিং, তহবিল, সম্পদের অপ্রতুলতা) বিবেচনাযোগ্য;
- (চ) সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের প্রক্রিয়া উল্লেখ থাকা সমীচীন;
- (ছ) সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণাটির নতুনত্ব ব্যাখ্যা;
- (জ) সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ফলাফল উল্লেখ থাকা বাঞ্ছনীয়;
- (ঝ) নতুনভাবে গৃহিত এবং ইতঃপূর্বে গৃহিত সেবা/উদ্যোগসমূহ পুনরায় বিশ্লেষণপূর্বক নতুনভাবে অন্তর্ভুক্তকরণ বিবেচনাযোগ্য;
- (ঞ) উদ্যোগ বাস্তবায়নে সংশ্লিষ্ট উপপরিচালক মেন্টর এবং তাঁর আওতাধীন উপজেলা দপ্তরের কর্মকর্তাগণ মেন্টি হিসেবে গ্রহণের বিষয়টি বিবেচনা করা;

৪. সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা সংযুক্ত ছক মোতাবেক আগামী ১৫ সেপ্টেম্বর/২০২৪ তারিখের মধ্যে সফটকপি (Microsoft Word এর Nikosh Font) ই-মেইল ddprog@brdb.gov.bd বা ডি-নথিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৫. বিআরডিবি'র উদ্ভাবন কার্যক্রমে উৎকর্ষ সাধন ও গতিশীলতা আনয়নে সংশ্লিষ্ট সকলের উদ্ভাবনী মনোভাব এবং আন্তরিক সহযোগিতা কাম্য।

সংযুক্তিঃ ১। উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণের ক্ষেত্রে অনুসরণীয় ছক।

০২-০৯-২০২৪

সরদার মোঃ কেরামত আলী
অতিরিক্ত সচিব

ও

পরিচালক (পরিকল্পনা)

ফোন: +৮৮-০২-৫৫০১১৬৯৯

ই-মেইল: drplan@brdb.gov.bd

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,
জেলা দপ্তর (সকল)।

স্মারক নম্বর-৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৪৮/১ (৫)

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা দপ্তর, বিআরডিবি।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

০২-০৯-২০২৪

নাজমীন খানম

উপপরিচালক (প্রোগ্রামিং)

বিআরডিবি, ঢাকা

ফোন: +৮৮-০২-৪১০১০৩৩৪

ই-মেইল: ddprog@brdb.gov.bd

সংযুক্তিসমূহ:

- ১। উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণের ক্ষেত্রে অনুসরণীয় ছক।